



তথ্যবিবরণী

নম্বর-০৬২

## শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আরএমপি'র ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত

রাজশাহী; ২৩ আশ্বিন (০৮ অক্টোবর):

আজ (৮ অক্টোবর) সকাল দশটায় নগরীর পুলিশ লাইন্স ড্রিল শেডে আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে রাজশাহী মহানগরীতে নিরাপত্তা ডিউটিতে মোতায়নকৃত রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) অফিসার ও ফোর্সদের নিয়ে ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়েছে। ব্রিফিং প্যারেডে সভাপতিত্ব করেন আরএমপি'র পুলিশ কমিশনার মোঃ আবু সুফিয়ান।

সভাপতির বক্তৃতায় পুলিশ কমিশনার দুর্গাপূজা শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে দায়িত্বে নিয়োজিত পুলিশ সদস্যদের করণীয় ও বর্জনীয়-সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা দেন। এ সময় তিনি বলেন, অর্পিত দায়িত্ব পালনে কোনো ধরনের শৈথিল্য দেখানো যাবে না বরং সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে কাজ করতে হবে। পূজাকমিটি ও স্বেচ্ছাসেবকদের সঙ্গে সমন্বয় করে পুলিশ সদস্যদের দায়িত্ব পালন করার নির্দেশনা দেন তিনি। সকলের সহযোগিতায় আসন্ন শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

দুর্গাপূজায় বিঘ্ন সৃষ্টিকারী যেকোনো অপতৎপরতা রোধে আরএমপি'র তথ্য সেবা কেন্দ্রের হটলাইন নম্বরে ও পুলিশ কন্ট্রোল রুমের সঙ্গে যোগাযোগ করার জন্য সকলকে আহ্বান জানান পুলিশ কমিশনার।

তিনি আরও বলেন, শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু, শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে মহানগরীর পূজা উদযাপন কমিটি'র নেতৃত্বন্দ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃত্বন্দ, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্বন্দের সঙ্গে ইতোমধ্যে আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা করা হয়েছে।

এসময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ কমিশনার মো: রশীদুল হাসান, পিপিএম ও মোহাম্মদ হেমায়েতুল ইসলামসহ আরএমপি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ ও পুলিশ সদস্যবৃন্দ।

উল্লেখ্য যে, আরএমপি'র তথ্য ও সেবা কেন্দ্রের হটলাইন নম্বর (টেলিফোন: +৮৮০২৫৮৮৮০১৩৫১ অথবা মোবাইল: ০১৩২০০৬৩৯৯৯) এবং আরএমপি কন্ট্রোল রুম মোবা: নম্বর-০১৩২০-০৬৩৯৯৮।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৭:০০ঘ.